



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম



মোবাইল: +৮৮০২৩০৪৪৫৭৬৭২, E-mail: gachhbariagovt.college@gmail.com, Website : www.ggcc.edu.bd
EIN-104200, NU Code-4346

তারিখ : ১৬/০১/২০২৩ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রী (পাস) ১ম রিলিজ স্লিপ মেধা তালিকার ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৮/০১/২৩ তারিখে ২৬৯৬ স্মারকের বিজ্ঞপ্তি অনুযায়ী ডিগ্রী ১ম বর্ষ ভর্তি (২০২১-২০২২) ১ম রিলিজ স্লিপের মেধা তালিকা এবং ফলাফলের ভিত্তিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আগামী ১৭/০১/২০২৩ হতে ১৯/০১/২০২৩ তারিখের মধ্যে রূপালী ব্যাংক খান হাট শাখায় ভর্তি ফি জমা দিতে হবে।

ক্রম নং	বিভাগ	রশিদের ফটোকপি সহ ভর্তি ফরম ও কাগজপত্র কলেজে জমার তারিখ	ভর্তি ফি	মন্তব্য
০১	বি.এ.(পাস)	১৯/০১/২০২৩	৩০৯৫/-	
০২	বি.এস.এস.(পাস)			
০৩	বি.বি.এস.(পাস)			


বি.দ্র. প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ০১(এক) বছরের পরিবহন ফি বাবদ ৩৫০/- (তিন শত পঞ্চাশ) টাকা এবং মুসলিম ছাত্র-ছাত্রীদের মসজিদ ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা অতিরিক্ত প্রদান করতে হবে।

অনলাইনে ভর্তি ফরম পূরণ, ডাউনলোড, প্রিন্টকপি সংগ্রহ ও রূপালী ব্যাংক খান হাট শাখায় ভর্তি ফি জমা দেয়ার পর সকাল ১০ টা হতে বেলা ২ টার মধ্যে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমা দিতে হবে :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম – ০৩ কপি।
- ক) এস.এস.সি. ও এইচ.এস.সি. বা সমমান পরীক্ষা পাসের মূল ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র ।
খ) ব্যাংকে টাকা জমা দেয়ার রশিদের ফটোকপি।
- প্রত্যেক শিক্ষার্থীকে ১০০/- (একশত) টাকা একাডেমিক ক্যালেন্ডার বাবদ অফিসে জমা দিতে হবে।
- উপরিউক্ত ২ নং এ বর্ণিত (ক থেকে খ পর্যন্ত) কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি- ০১ সেট।
- পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি – ০৩ কপি।
- ১০" X ১২" বড় খাম ১ টি । খামের উপর শিক্ষার্থীর নাম, পিতার নাম, বিভাগ/বিষয়, শিক্ষাবর্ষ, শিক্ষার্থীর মোবাইল নম্বর, অভিভাবকের নাম ও মোবাইল নম্বর লিখে দিতে হবে।
- কোটায় ভর্তির জন্য নির্বাচিতদের কোটা প্রাপ্তির স্বপক্ষে প্রমাণক মূল দলিল/সনদ প্রদর্শন করতে হবে এবং সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার নাতি/নাতনীদের ক্ষেত্রে ওয়ারিশ সনদ ও জন্মনিবন্ধন সনদের কপি জমা দিতে হবে।
- কোটায় ভর্তির জন্য নির্বাচিতদের ব্যাংকে টাকা জমাদানের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট কোটা প্রাপ্তির সনদপত্রসহ যোগাযোগ করে অনুমতি নিয়ে তারপর টাকা জমা দিতে হবে। অনুমতির পূর্বে টাকা জমা দিলে পরবর্তী ভর্তি সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- উপরিউক্ত শর্তাবলির অনিয়ম হলে কর্তৃপক্ষ ভর্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

বিশেষ দৃষ্টব্য :

- উল্লেখ্য যে, ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক(পাস) /স্নাতক(সম্মান) /স্নাতক(সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৯ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে ব্যাংকে ভর্তির টাকা জমা দেয়ার পর প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজে জমা দিতে ব্যর্থ হলে ভর্তি বাতিল হবে। ভর্তি বাতিল সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- সরকারি নির্দেশনা মোতাবেক সকল শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।


১৬/০১/২৩

(প্রফেসর রনজিত কুমার দত্ত)
গাছবাড়ীয়া সরকারি কলেজ
চন্দনাইশ, চট্টগ্রাম